

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দাগনভূঞা, ফেনী  
website: daganbhuiyan.feni.gov.bd

স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০০.৯৯.০০৪.২০২১-

৬৯৪

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
২২ জুন ২০২১ খ্রিস্টাব্দ

অস্থায়ী পশুর-হাট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২১ উপলক্ষে দাগনভূঞা উপজেলাধীন নিম্নলিখিত বাজারসমূহ অস্থায়ী পশুর হাট হিসেবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/ইজারাদারদের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

নং	ইউনিয়নের নাম	বাজারের নাম	দরপত্রের মূল্য	দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ	
				১ম বার	২য় বার
১	সিন্দুরপুর	সিন্দুরপুর অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-	২৩.০৬.২০২১ থেকে ০৪.০৭.২০২১ পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ০৫.০৭.২০২১ খ্রিঃ ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাস্তব খোলার সময়ঃ ০৫.০৭.২০২১ খ্রিঃ দুপুর ২.৩০ টা	০৬.০৭.২০২১ থেকে ১১.০৭.২০২১ পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ১২.০৭.২০২১ খ্রিঃ ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাস্তব খোলার সময়ঃ ১২.০৭.২০২১ খ্রিঃ দুপুর ২.৩০ টা
২		দরবেশের হাট অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
৩		অলাতলী অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
৪		রঘুনাথপুর অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
৫	রাজাপুর	রাজাপুর অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
৬	পূর্বচন্দ্রপুর	বৈরাগীর বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
৭		আমুভূঞার হাট অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
৮		গজারিয়া বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
০৯		মৌলভী বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১০	রামনগর	তুলাতলী বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১১	ইয়াকুবপুর	দুধমুখা বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১২		মিন্দার হাট অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১৩	দাগনভূঞা	ফাজিলের ঘাট অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১৪	মাতুভূঞা	বেকের বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১৫		মাতুভূঞা বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১৬	জায়লস্কর	সিলোনিয়া বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১৭		মোল্লা ঘাটা বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১৮		জায়লস্কর বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		
১৯		আমিরগাঁও বাজার অস্থায়ী গো-ছাগল হাট	৫০০/-		

দরপত্রের শর্তাবলীঃ

- ১। করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর কারণে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক কোরবানির পশুর হাট বসাতে হবে।
- ২। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, সড়ক/মহাসড়কের সন্নিকটস্থ জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
- ৩। শুধুমাত্র বাংলা ১৪২৮ সনের (২০২১ খ্রি. সনের) ঈদ-উল-আযহা উপলক্ষে বাজার ইজারা দেয়া হবে। ঈদ-উল-আযহার পর ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ৪। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের উপর শতকরা ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা'র অনুকূলে জমা দিতে হবে।
- ৫। দরপত্র অনুমোদনের ০৩ (তিন) দিনের মধ্যে অনুমোদিত দরদাতাকে ইজারামূল্যের অবশিষ্ট ৭০% অর্থ পরিশোধ করতে হবে। তাছাড়া একই সাথে অনুমোদিত দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের উপর সরকার কর্তৃক ধার্যকৃত অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর ইজারা মূল্যের অবশিষ্ট ৭০% এর সাথে যোগ করে এ কার্যালয়ে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে। এ জন্য আলাদা কোন পত্র ইস্যু করা হবে না।
- ৬। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ৭। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টানিয়ে প্রচার করবেন।

৯

- ৯। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে ( অফেরতযোগ্য ) এবং নির্ধারিত সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, ফেনী , সহকারী কমিশনার (ভূমি), দাগনভূঞা, সোনালী ব্যাংক লিমিটেড, দাগনভূঞা শাখা, অফিসার ইনচার্জ, দাগনভূঞা থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে বিকাল ৫.০০টা পর্যন্ত ক্রয় করা যাবে। প্রতিক্ষেত্রে দরপত্র গ্রহণের উল্লিখিত দিনসমূহে বেলা ১.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার এর কার্যালয়, ফেনী , উপজেলা ভূমি অফিস, দাগনভূঞা এবং এ অফিসে স্থাপিত টেন্ডার বাঞ্ছা দরপত্র গ্রহণ করা হবে। একই দিন দুপুর ২.৩০ ঘটিকার সময় দর দাতাদের উপস্থিতিতে ( যদি কেহ উপস্থিত থাকেন ) দরপত্র বাঞ্ছা খোলা হবে।
- ১০। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ১১। ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১২। ক্রটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রে উল্লিখিত ইজারামূল্য কাটা/ঘষা মাজা করা যাবে না।
- ১৩। অনুমোদিত দরপত্র দাখিলকারীকে সম্পূর্ণ টাকা পরিশোধের সাথে সাথে নিজ খরচে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় হাট/বাজারের দখল দেয়া হবে না।
- ১৪। দুই বা ততোধিক দর দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৫। হাটের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা সংশ্লিষ্ট হাট ইজারাদার নিশ্চিত করতে হবে এবং ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৭। হাট বাজারের ইজারার টাকা পরিশোধে ব্যর্থতায় সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।
- ১৮। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



২২.০৬.২০২১

(নাহিদা আক্তার তানিয়া)

উপজেলা নির্বাহী অফিসার

দাগনভূঞা, ফেনী।

০৩৩২৩-৭৯০০৯

email- unodaganbhuiyan@mopa.gov.bd

স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০০.৯৯.০০৪.২০২১- ৬৯৪

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
২২ জুন ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, ফেনী।
- ২। পুলিশ সুপার, ফেনী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
- ৪। মেয়র, দাগনভূঞা পৌরসভা।
- ৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), দাগনভূঞা, ফেনী। তাকে দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক তার নোটিশ বোর্ডে টানানোসহ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের দিয়ে উল্লিখিত অস্থায়ী পশুর হাট এলাকায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। অফিসার ইন চার্জ, দাগনভূঞা থানা/উপজেলা..... কর্মকর্তা, দাগনভূঞা, ফেনী।
- ৮। চেয়ারম্যান..... ইউনিয়ন (সকল), দাগনভূঞা, ফেনী। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তি তাঁর নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণসহ তাঁর ইউনিয়নের অস্থায়ী পশুর হাট এলাকায় মাইকিং করে বহল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..... ইউনিয়ন ভূমি অফিস, দাগনভূঞা, ফেনী। দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক তাঁর আওতাধীন হাট বাজার এলাকায় বহল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। সম্পাদক,..... সাপ্তাহিক..... পত্রিকা বিজ্ঞপ্তিটি সন্মুখপত্রের আপনার পত্রিকায় ছাপানোর জন্য অনুরোধ করা হলো।
- ১১। নোটিশ বোর্ড, অত্রাফিস/ এলজিইডি/ জেলা পরিষদ/ পোস্ট অফিস/ জেলা প্রশাসকের নোটিশ বোর্ড/ দাগনভূঞা থানা/ দাগনভূঞা পৌরসভা/সাব-রেজিস্ট্রার অফিসের নোটিশ বোর্ড সমূহে দরপত্র বিজ্ঞপ্তি টানানোর জন্য অত্রকার্যালয়ের জারীকারককে নির্দেশ প্রদান করা হলো।
- ১২। .....
- ১৩। অফিস কপি।



২২.০৬.২০২১

উপজেলা নির্বাহী অফিসার

দাগনভূঞা, ফেনী।